

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫০

১৬. জিহাদ অধ্যায় (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২০. আল্লাহর রাস্তায় মৃত শহীদদের বৈশিষ্ট্য

بَابِ فِي صِفَةِ الْقَتْلَى فِي سَبِيلِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارَكِ حَدَّثَنَا مُعَاوِيةُ بْنُ يَحْيَى هُوَ الصَّدَفِيُّ قَالَ حَدَّثَنَا صَفُوانُ بْنُ عَمْرِو عَنْ أَبِي الْمُنَثَى الْأُمْلُوكِيِّ عَنْ عُبْبَةَ بْنِ عَبْدِ السُّلَمِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَتْلَى تَلَاثَةٌ مُوْمِنٌ جَاهَدَ بِنَفْسِهِ وَمَالِهِ فِي سَبِيلِ اللَّهِ إِذَا لَقِيَ الْعَدُوَّ قَاتَلَ حَتَّى يُقْتَلَ قَالَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ فَذَلِكَ الشَّهِيدُ الْمُمْتَحَنُ فِي خَيْمَةِ اللَّهِ تَحْتَ يُقْتَلَ قَالَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ فَذَلِكَ الشَّهِيدُ الْمُمْتَحَنُ فِي خَيْمَةِ اللَّهِ تَحْتَ عَرْشِهِ لَا يَفْضَلُهُ النَّبِيُّ صَلَّى اللَّه إِذَا لَقِيَ الْعَدُوَّ قَاتَلَ حَتَّى يُقْتَلَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلِّمَ فِيهِ مُمُصْمِصَةٌ مَحَتْ ذُنُوبَهُ وَخَطَايَاهُ إِنَّ السَّيْفَ مَحَّاءٌ لِلْخَطَايَا وَأُدْخِلَ الْجَنَّةِ مِنْ أَبُولَهِ فِي الْعَدُو قَاتَلَ حَتَّى يُقْتَلَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ مُمُصْمِصَةٌ مَحَتْ ذُنُوبَهُ وَخَطَايَاهُ إِنَّ السَّيْفَ مَحَّاءٌ لِلْخَطَايَا وَأُدْخِلَ الْجَنَّةِ مِنْ الْبَالِقُقُ جَاهَدَ بِنَفْسِهِ وَمَالِهِ فَإِذَا لَقِيَ الْعَدُوقَ قَاتَلَ حَتَّى يُقْتَلَ فَذَاكَ وَاللَّالِ إِنَّ السَّيْفَ لَا يَمْحُو النِّفَاقَ قَالَ عَبْد اللَّهِ يُقَالُ لِلثَّوْبِ إِذَا غُسِلَ مُصْمُولَ

বাংলা

২৪৫০. উতবাহ ইবনু আবদ আস সুলামী রাদ্বিয়াল্লান্থ আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "শহীদ হলো তিন প্রকার, মুমিন ব্যক্তি যে তার জান-মাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ (লড়াই) করে, আর যখন সে শক্রর সম্মুখীন হয়, তখন লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়।" এ ব্যক্তি সম্পর্কে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "এ হলো পরীক্ষিত শহীদ যে আল্লাহর আরশের নিচে অবস্থিত আল্লাহ তা'আলার (রহমত, সম্ভুষ্টি ও নিরাপত্তার) শামিয়ানার মধ্যে থাকবে। আর নবীগণ এদের থেকে শ্রেষ্ঠ হবেন কেবল নবুয়াতের মর্যাদার কারণে।

আরেক মুমিন ব্যক্তি যে নিজের মধ্যে কিছু নেক আমল এবং কিছু বদ আমলের সংমিশ্রণ ঘটিয়েছে। সে ব্যক্তি তার জান-মাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ (লড়াই) করে, আর যখন সে শক্রর সম্মুখীন হয়, তখন লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়।" এ ব্যক্তি সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "পবিত্র; তা (শাহাদাত) তার



গুনাহসমূহ ও ভুল-ক্রুটিগুলিকে মোচন করে দিয়েছে। (কেননা,) নিশ্চয়ই তরবারী হলো সকল অপরাধ মোচনকারী। আর সে জান্নাতের যে দরজা দিয়ে ইচ্ছা জান্নাতে প্রবেশ করবে।

"আর এক মুনাফিক যে তার জান-মাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ (লড়াই) করে, আর যখন সে শক্রর সম্মুখীন হয়, তখন লড়াই করে শেষ পর্যন্ত নিহত হয়। এ ব্যক্তি জাহান্নামে যাবে। (কেননা,) নিশ্চয়ই তরবারী নিফাক (কপটতা-অন্তরের ঈমানহীনতা)-কে মোচন করতে পারে না।"[1]

আব্দুল্লাহ (দারেমী) বলেন, যখন কাপড়কে ধোয়া হয়, সেই কাপড়কে 'مُصْمُصُ' বলা হয়।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সন্দ যয়ীফ্, মুয়াবিয়া ইবনু ইয়াহইয়ার দুর্বলতার কারণে। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৬৬৩ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৬১৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উতবাহ বিন আবৃদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন